

Model Activity task 2021(August)

Class 8| Geography|(Part-5)

মডেল অ্যাক্টিভিটি টাস্ক ২০২১ | আগস্ট

অষ্টম শ্রেণী | ভূগোল | (পার্ট -৫)

১. বিকল্পগুলি থেকে ঠিক উত্তরটি নির্বাচন করে লেখো :

১.১ কর্কটীয় উচ্চচাপ বলয় থেকে নিরক্ষীয় নিম্নচাপ বলয়ের দিকে প্রবাহিত নিয়ত বায়ু হলো -

ক) দক্ষিণ - পূর্ব আয়নবায়ু

খ) উত্তর - পূর্ব আয়নবায়ু

গ) দক্ষিণ - পশ্চিম পশ্চিমাবায়ু

ঘ) উত্তর - পশ্চিম পশ্চিমাবায়ু

১.২ ঠিক জোড়াটি নির্বাচন করো -

ক) বজ্রপাতসহ প্রবল বৃষ্টি - সিরাস মেঘ

খ) জলীয় বাষ্পের জলকণায় পরিণত হওয়ার প্রক্রিয়া - বাষ্পীভবন

গ) বৃষ্টিচ্ছায় অঞ্চল - পর্বতের প্রতিবাত ঢাল

ঘ) ঘূর্ণবাতের কেন্দ্রে সর্বনিম্ন বায়ুচাপ - ঘূর্ণবাতের চোখ

১.৩ পৃথিবীর বৃহত্তম মিষ্টি জলের হ্রদ হলো -

ক) হুরণ

খ) ইরি

গ) সুপিরিয়র

ঘ) মিশিগান

২. শূন্যস্থান পূরণ করো :

২.১ উত্তর-পশ্চিম ভারতে প্রবাহিত একটি স্থানীয় বায়ু হলো **লু** ।

২.২ কোনো একটি নির্দিষ্ট সময়ে সমপরিমাণ বৃষ্টিপাতযুক্ত স্থানগুলিকে মানচিত্রে **সমবর্ষণ** রেখার সাহায্যে যুক্ত করা হয়।

২.৩ দক্ষিণ আমেরিকার আন্দিজ পর্বতের পশ্চিমে অবস্থিত পৃথিবীর অন্যতম শুষ্ক অঞ্চল আটকামা মরুভূমি।

৩. সংক্ষিপ্ত উত্তর দাও :

৩.১ উত্তর আমেরিকার প্রেইরি সমভূমি দুগ্ধশিল্পে উন্নত কেন?

উঃ-উত্তর আমেরিকা মহাদেশের মধ্যভাগের সমভূমি অঞ্চলের বিস্তীর্ণ এলাকা জুড়ে প্রেইরি তৃণভূমি অবস্থিত। বসন্তকালে বরফ গলে যাওয়ায় এই তৃণভূমির বিস্তীর্ণ তৃণক্ষেত্রে হে, ক্লোভার, আলফা তৃণ ও ভুট্টা জন্মায়। তাই এই তৃণভূমি পশুচারণক্ষেত্র হিসাবে বিখ্যাত। পশুজাত দ্রব্য যেমন দুধ ও দুগ্ধজাত দ্রব্য সংরক্ষণের জন্য এখানে উন্নতমানের হিমাগার গড়ে উঠেছে। এই কারণে এই অঞ্চল দুগ্ধশিল্পে উন্নত।

৩.২ পৃথিবীর বৃহত্তম নদী আববাহিকার তিনটি ভৌগোলিক বৈশিষ্ট্য লেখো।

উঃ- আমাজন নদী অববাহিকা হলো পৃথিবীর বৃহত্তম নদী অববাহিকা। আমাজন নদী অববাহিকার তিনটি ভৌগোলিক বৈশিষ্ট্য হলো-

- (i) এই অববাহিকা নিরক্ষীয় জলবায়ু অঞ্চলে অবস্থিত। এখানে সারা বছর প্রচুর পরিমাণে বৃষ্টিপাত হয়।
- (ii) দক্ষিণ-পূর্ব আয়নবায়ুর প্রবাহ পথে আন্দিজ পর্বতমালা অবস্থান করায় জলীয় বাষ্পপূর্ণ বায়ু মাঝপথে বাঁধা পেয়ে নদী অববাহিকায় প্রচুর বৃষ্টিপাত ঘটায়।
- (iii) আমাজন অববাহিকার আয়তন ৭০,৫০,০০০ বর্গ কিমি। প্রতি সেকেন্ডে জলপ্রবাহের পরিমাণ ২,০৯,০০০ ঘন মিটার।

৪. 'বায়ুচাপ বলয়গুলির অবস্থান পরিবর্তন দুই গোলার্ধের ৩০ ডিগ্রী থেকে ৪০ ডিগ্রী অক্ষরেখার মাঝের স্থানগুলির জলবায়ুর উপর বিশেষ প্রভাব ফেলে' - উপযুক্ত উদাহরণসহ বিষয়টি ব্যাখ্যা করো।

উঃ- বায়ুচাপ বলয়গুলির অবস্থান পরিবর্তন দুই গোলার্ধের ৩০° থেকে ৪০° অক্ষরেখার মাঝের স্থানগুলির জলবায়ুর উপর বিশেষ প্রভাব ফেলে। এই অঞ্চলগুলো গ্রীষ্মকালে আয়নবায়ু আবার শীতকালে পশ্চিমা বায়ুর দ্বারা বিশেষভাবে প্রভাবিত হয়। যেমন-

- (i) সূর্যের উত্তরায়নের সময় কর্কটীয় উচ্চচাপ বলয়টি উত্তর দিকে সরে যায়। ফলে গ্রীষ্মকালে স্থলভাগ থেকে আগত উত্তর-পূর্ব আয়ন বায়ুর প্রভাবে ভূমধ্যসাগরের সন্নিহিত দেশগুলোতে বৃষ্টিপাত প্রায় হয় না।
- (ii) আবার সূর্যের দক্ষিণায়নের সময় কর্কটীয় উচ্চচাপ বলয়টি দক্ষিণ দিকে সরে যাওয়ায় ভূমধ্যসাগরের উপকূলবর্তী অঞ্চলে দক্ষিণ-পশ্চিম পশ্চিমা বায়ু প্রবাহিত হয়। ফলে শীতকালে এই অংশে জলভাগের ওপর দিয়ে বয়ে আসা দক্ষিণ-পশ্চিম পশ্চিমা বায়ুর প্রভাবে যথেষ্ট বৃষ্টিপাত হয়।